

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৬৩২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৩৩]

পর্ব-৭: আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ ৫: আযান দেয়ার নিয়ম

كيف الأذان

আরবী

أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَسَنِ، وَيُوسُفُ بْنُ سَعِيدٍ، وَاللَّفْظُ لَهُ، قَالَا: حَدَّثَنَا حَجَّاجٌ، عَنْ ابْنِ جُرَيْجٍ، قَالَ: حَدَّثَنِي عَبْدُ الْعَزِيزِ بْنُ عَبْدِ الْمَلِكِ بْنُ أَبِي مَحْذُورَةَ، أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ مُحَيْرِيزٍ، أَخْبَرَهُ وَكَانَ يَتِيمًا فِي حِجْرِ أَبِي مَحْذُورَةَ حَتَّى جَهَّزَهُ إِلَى الشَّامِ، قَالَ: قُلْتُ لِأَبِي مَحْذُورَةَ: إِنِّي خَارِجٌ إِلَى الشَّامِ وَأَخْشَى أَنْ أُسْأَلَ عَنْ تَأْذِينِكَ، فَأَخْبَرَنِي أَنَّ أَبَا مَحْذُورَةَ، قَالَ لَهُ: خَرَجْتُ فِي نَفَرٍ فَكُنَّا بِبَعْضِ طَرِيقِ حُنَيْنٍ مَقْفَلِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ حُنَيْنٍ، فَلَقِينَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَعْضِ الطَّرِيقِ، فَأَذَّنَ مُؤَذِّنٌ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالصَّلَاةِ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَسَمِعْنَا صَوْتَ الْمُؤَذِّنِ وَنَحْنُ عَنْهُ مُتَنَكِّبُونَ فَظَلَّلْنَا نَحْكَيهِ وَنَهْزَأُ بِهِ، فَسَمِعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصَّوْتَ فَأَرْسَلَ إِلَيْنَا حَتَّى وَقَفْنَا بَيْنَ يَدَيْهِ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَيُّكُمْ الَّذِي سَمِعْتُ صَوْتَهُ قَدْ ارْتَفَعَ؟ فَأَشَارَ الْقَوْمُ إِلَيَّ وَصَدَقُوا، فَأَرْسَلَهُمْ كُلَّهُمْ وَحَبَسَنِي، فَقَالَ: قُمْ فَأَذِّنْ بِالصَّلَاةِ، فَقُمْتُ، فَأَلْقَى عَلَيَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ التَّأْذِينَ هُوَ بِنَفْسِهِ، قَالَ: قُلْ: اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ، اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، ثُمَّ قَالَ: ارْجِعْ فَاْمُدُّ صَوْتَكَ، ثُمَّ قَالَ: قُلْ: أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، حَيَّ عَلَى الصَّلَاةِ، حَيَّ عَلَى الصَّلَاةِ، حَيَّ عَلَى الْفَلَاحِ، حَيَّ عَلَى الْفَلَاحِ، اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ، ثُمَّ دَعَانِي حِينَ قَضَيْتُ التَّأْذِينَ، فَأَعْطَانِي صُرَّةً فِيهَا شَيْءٌ مِنْ فِضَّةٍ، فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، مُرْنِي بِالتَّأْذِينَ بِمَكَّةَ، فَقَالَ: أَمَرْتُكَ بِهِ، فَقَدِمْتُ عَلَى عَتَّابِ بْنِ

أَسِيدِ عَامِلِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَكَّةَ فَأَذْنَتْ مَعَهُ بِالصَّلَاةِ عَنْ أَمْرِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

تخريج دارالدعوة: انظر حديث رقم: ٦٣٠ (حسن صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 633 - حسن صحيح

বাংলা

৬৩২. ইব্রাহীম ইবনুল হাসান ও ইউসুফ ইবনু সাঈদ (রহ.) 'আবদুল আযীয ইবনু 'আবদুল মালিক ইবনু আবু মাহযুরাহ (রাঃ) হতে বর্ণিত। আবদুল্লাহ ইবনু মুহায়রীয় (রাঃ) তার কাছে বর্ণনা করেন “তিনি ইয়াতীম ছিলেন এবং আবু মাহযুরার নিকট লালিত হন এবং তিনি তাঁকে সিরিয়ায় এক সফরে পাঠিয়ে ছিলেন। তিনি বলেন, আমি আবু মাহযুরাহ (রাঃ)-কে বললাম, আমি সিরিয়ার দিকে রওয়ানা হচ্ছি। আমার আশঙ্কা হয় যে, আপনার আযান দেয়া সম্পর্কে আমাকে জিজ্ঞেস করা হতে পারে। রাবী 'আবদুল আযীয বলেন, ইবনু মুহায়রীয় আমাকে বলেন যে, আবু মাহযুরাহ তখন তাঁকে বললেন, আমি একটি দলের সাথে সফরে বের হলাম। আমরা যাওয়ার পথে হুনাযনের কোন একটি পথে যেয়ে পৌঁছলাম যা ছিল রাসূলুল্লাহ (সা.) -এর হুনাযন অভিযান হতে ফিরে আসার সময়। কোন একটি রাস্তায় রাসূলুল্লাহ (সা.) -এর সাথে আমরা একত্রিত হলাম। তখন রাসূলুল্লাহ (সা.) -এর মুয়াযযিন তার অদূরে সালাতের জন্যে আযান দিলেন। আমরা আযানের আওয়াজ শুনলাম। তখন আমরা তার থেকে দূরে ছিলাম। (অর্থাৎ তখনো ইসলাম গ্রহণ করিনি) তাই আমরা তার অনুকরণ ও তাকে নিয়ে ঠাট্টা-বিক্রপ করছিলাম। তাতে রাসূলুল্লাহ (সা.) ঐ আওয়াজ শুনলেন এবং আমাদের কাছে লোক পাঠালেন। অবশেষে আমরা তাঁর সামনে গেলাম। তখন রাসূলুল্লাহ (সা.) প্রশ্ন করলেন, আমি যার শব্দ শুনেছিলাম সে কে? লোকেরা আমার দিকে ইঙ্গিত করল এবং তারা সত্য কথাই বলল। এরপর তিনি সবাইকে ছেড়ে দিলেন এবং আমাকে ছাড়লেন না। তিনি আমাকে নির্দেশ দিলেন, দাঁড়াও সালাতের আযান দাও। আমি দাঁড়ালে রাসূলুল্লাহ (সা.) স্বয়ং আমাকে আযান শিক্ষা দিলেন, তিনি বললেন, তুমি বল-

“আল্লা-হু আকবার আল্লা-হু আকবার, আল্লা-হু আকবার আল্লা-হু আকবার; আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লাহ, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লাহ-হ; আশহাদু আল্লা মুহাম্মাদার রসূলুল্লাহ-হ, আশহাদু আল্লা মুহাম্মাদার রসূলুল্লাহ-হ।” (আল্লাহ মহান, আল্লাহ মহান আল্লাহ মহান, আল্লাহ মহান। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে কোন ইলাহ নেই; আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে কোন ইলাহ নেই। আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ আল্লাহর রসূল; আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ আল্লাহর রসূল।)

তারপর বললেন, আবার দীর্ঘস্বরে বল। এরপর তিনি বলেন -

“আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লাহ-হ, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লাহ-হ; আশহাদু আল্লা মুহাম্মাদার রসূলুল্লাহ-হ, আশহাদু আল্লা মুহাম্মাদার রসূলুল্লাহ-হ; হাইয়্যা আলাস্ সালা-হ, হাইয়্যা আলাস্ সালা-হ; হাইয়্যা 'আলাল ফালা-হ, হাইয়্যা আলাল ফালা-হ; আল্লা-হু আকবার আল্লা-হু আকবার, লা- ইলা-হা ইল্লাল্লাহ-হ।”

(আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে কোন ইলাহ নেই; আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে কোন ইলাহ নেই। আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ আল্লাহর রসূল; আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ আল্লাহর রসূল। সালাতের জন্যে এসো, সালাতের জন্যে এসো। কল্যাণের জন্যে এসো, কল্যাণের জন্যে এসো। আল্লাহ মহান, আল্লাহ মহান। আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে কোন ইলাহ নেই।)

আমি আযান দেয়া শেষ করলে তিনি (সা.) আমাকে ডেকে নিকট নিলেন এবং একটি থলে দিলেন। যাতে ছিল কিছু রূপা। তখন আমি নিবেদন করলাম, হে আল্লাহর রসূল (সা.)! আমাকে মক্কায় আযান দেয়ার দায়িত্ব দিন। জবাবে তিনি বললেন, হ্যা, তোমাকে মক্কায় আযান দেয়ার দায়িত্ব দিলাম। তারপর আমি রাসূলুল্লাহ (সা.) কর্তৃক নিযুক্ত মক্কার আমীর 'আত্তাব ইবনু আসীদ (রাঃ)-এর সাথে দেখা করি এবং রাসূলুল্লাহ (সা.) -এর আদেশ অনুযায়ী তাঁর সাথে আযান দিতে থাকি।

English

5. How Is The (Wording Of The) Adhan?

Abdul-'Aziz bin 'Abdul-Malik bin Abu Mahdhurah narrated that 'Abdullah bin Muhairiz - who was an orphan under the care of Abu Mahdhurah until he prepared him to go to Ash-Sham - informed him: he said: I said to Abu Mahdhurah: 'I am going to Ash-Sham and I am afraid that I will be asked about how you say the Adhan. 'He told me that Abu Mahdhurah said to him, I went out with a group of people and we were somewhere on the road to Hunain when the Messenger of Allah (ﷺ) was coming back from Hunain. The Messenger of Allah met us somewhere on the road and the Muadh'dhin of the Messenger of Allah called the Adhan for prayer in the presence of the Messenger of Allah. We heard the voice of the Muadh'dhin and we were careless about it (the Adhan), so we started yelling, immitating and mocking it. The Messenger of Allah (ﷺ) heard us, so he sent some people who brought us to stand infront of him. He said, 'Who is the one whose voice I heard so loud?' The people all pointed to me, and they were telling the truth. He sent them all away, but kept me there and said to me: 'Stand up and call the Adhan for the Prayer.' I stood up and the Messenger of Allah taught me the Adhan himself. He Said, 'Say: 'Allahu Akbar, Allahu akbar, Allahu Akbar, Allahu Akbar; Ashhadu an la ilaha illallah, Ashhadu an la ilaha illallah; Ashhadu anna Muhammadan Rasulallah, Ashhadu anna Muhammadan Rasulallah (Allah is the Greatest, Allah is the Greatest, Allah is the Greatest, Allah is the Greatest; I bear witness that there is none worthy of worship except Allah, I bear witness that there is none worthy of worship except

Allah; I bear witness that Muhammad is the Messenger Allah, I bear witness that Muhammad is the Messenger Allah).' Then he said: 'Then repeat and say in a loud voice: Ashhadu an la ilaha illallah, Ashhadu an la ilaha illallah; Ashhadu anna Muhammadan Rasulallah, Ashhadu anna Muhammadan Rasulallah; Hayya 'alas-salah, Hayya 'ala-salah; Hayya 'alal-falah Hayya 'alal-falah; Allahu Akbar, Allahu Akbar; La ilaha ill-Allah (I bear witness that there is none worthy of worship except Allah, I bear witness that there is none worthy of worship except Allah; I bear witness that Muhammad is the Messenger of Allah, I bear witness that Muhammad is the Messenger of Allah; Come to prayer, come to prayer; come to prosperity, come to prosperity; Allah is the Greatest, Allah is the Greatest; there is none worthy of worship except Allah).' Then he called me when I had finished saying the Adhan, and he gave me a bundle in which there was some silver. I said: 'O Messenger of Allah, let me be the one doing the Adhan in Makkah.' He said: 'I command you to do so.' Then I came to 'Attab bin Asid who was the governor of the Messenger of Allah in Makkah, and I called the Adhan for prayer with him upon the orders of the Messenger of Allah (ﷺ).

ফুটনোট

সহীহ: ইবনু মাজাহ ৭০৮, মুসনাদে আহমাদ ১৫৪১৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল মালেক ইবনে আবু মাহযুরা (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86976>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন